

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়  
ভালুকা, ময়মনসিংহ।  
www.dss.bhaluka.mymensingh.gov.bd

স্মারক নং : ৪১.০১.৬১১৩.০০০.১৬.০১৬.২৩.১৩৮

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৯  
১২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ক্যাম্পার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তার চেক বিতরণ করে তার মাস্টাররোল ও অপেক্ষমান তালিকার ব্যাংক হিসাব নম্বর খোলার তালিকা এবং একটি অবিতরণকৃত চেক নমিনীর নামে প্রতিস্থাপন করণ প্রসংগে।

সূত্র: উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ময়মনসিংহ মহোদয়ের দপ্তর স্মারক নং-৪১.০১.৬১০০.০০০.০২.০০১.১৯.১৪২ ও তারিখ: ২৩ মার্চ ২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহের ২০২১-২০২২ অর্থবছরের ০৪ (চার) টি প্রতিস্থাপিত চেক ও ২০২২-২০২৩ অর্থবছরের ১ম কিস্তির ০৪ (চার) টি চেক বাবদ ভালুকা উপজেলায় মোট ০৮ (আট) জনের চেক পাওয়া যায়। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ময়মনসিংহ মহোদয়ের দপ্তর স্মারক নং-৪১.০১.৬১০০.০০০.০২.০০১.১৯.১৪২ ও তারিখ: ২৩ মার্চ ২০২৩ খ্রি: জারীকৃত পত্রে নির্দেশনা অনুযায়ী ০৭ (সাত) টি চেক বিতরণ করা হয়েছে।

২। মোঃ হাফিজ উদ্দিন, পিতা: মৃত.মোঃ মফিজ উদ্দিন, মাতা: মৃত. মোছাঃ আকনি বিবি, গ্রাম: ০৯ নং ওয়ার্ড ভালুকা পৌরসভা, উপজেলা: ভালুকা, জেলা: ময়মনসিংহ। ক্যাম্পার আক্রান্ত রোগে মোঃ হাফিজ উদ্দিন এর আর্থিক সহায়তা বাবদ ৫০০০০/- টাকার চেক প্রস্তুত করা হয়। যার চেক নম্বর-১৯৬৮০৯০ ও মোবাইল নম্বর-০১৭১৬৮৬৪৯৪১। কিন্তু গত ২৫সেপ্টেম্বর ২০২২ তারিখে মোঃ হাফিজ উদ্দিন মৃত্যু বরণ করেন (মৃত্যু সনদ সংযুক্ত)। কিন্তু মোঃ হাফিজ উদ্দিন এর আবেদনে নমিনী পত্রবধূ। বর্তমানে তার পত্রবধুর নামে নতুন করে চেক ইস্যু করা প্রয়োজন।

৩। ২০২২-২০২৩ অর্থবছরের ১ম কিস্তির অপেক্ষমান ০৬ (ছয়) জনের তালিকা হতে ব্যাংক হিসাব নম্বর খোলার জন্য বলা হয়। উক্ত তালিকার ব্যক্তিদের সোনালী ব্যাংক লিমিটেড, ভালুকা শাখায় ব্যাংক হিসাব খোলা হয়েছে।

এমতাবস্থায় ক্যাম্পার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তার চেক বিতরণের মাস্টাররোল ও অপেক্ষমান তালিকার ব্যাংক হিসাব নম্বর খোলার তালিকা এবং একটি অবিতরণকৃত চেক নমিনীর নামে প্রতিস্থাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

১. ক্যাম্পার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তার চেক বিতরণের মাস্টাররোল- ০২ কপি।
২. মোঃ হাফিজ উদ্দিন এর মৃত্যু সনদ-০১ কপি।
৩. মোঃ হাফিজ উদ্দিন এর পত্রবধুর জাতীয় পরিচয়পত্র-০১ কপি।
৪. ওয়ারিশ সনদপত্র-০১ কপি।
৫. মোঃ হাফিজ উদ্দিন এর পত্রবধুর ব্যাংক হিসাব নম্বর রশিদ-০১ কপি।
৬. অবিতরণকৃত চেক (চেক নং-১৯৬৮০৯০)-০১ টি।
৭. ২০২২-২০২৩ অর্থবছরের ১ম কিস্তির অপেক্ষমান ০৬ (ছয়) জনের তালিকা হতে ব্যাংক হিসাব নম্বর খোলার তালিকা-০১ কপি।



১২.০৪.২০২৩

অসীম সরকার

উপজেলা সমাজসেবা অফিসার

ভালুকা, ময়মনসিংহ

ফোন: ০২৯৯৬৬-৭২৬৮৬

মোবাইল : ০১৭০৮-৪১৫০০০ (দাপ্তরিক)

ইমেইল : usso.bhaluka@dss.gov.bd

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়

সমাজসেবা অধিদফতর

ময়মনসিংহ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রদান করা হলো :

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. সংশ্লিষ্ট নথি।